যুগান্তর

তারিখ ...............

পৃষ্ঠা ...... কলাম ......

# ১৩৫ শিক্ষক-কর্মকর্তার বেতন-ভাতা বন্ধ : ইবি'র ৬ বিভাগ অচল

ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

হঠাৎ করে বেতন বন্ধের ঘটনা নিয়ে ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদভুক্ত ৬টি বিভাগ বৃহস্পতিবার থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেয়া হয়েছে। ওই অনুষদসহ কয়েকটি অফিসের উন্নয়ন খাতের ১৩৫ জন শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীর জুলাই মাস থেকে বেতন-ভাতা বন্ধ করে দিয়েছে কর্তৃপক্ষ।

প্রশাসন জানায়, নিয়োগের ক্ষেত্রে ব্যাপক অনিয়ম, দলীয়করণ ও পদের অতিরিক্ত লোক নিয়োগের অভিযোগে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ওই শিক্ষক-কর্মচারীদের চাকরি উন্নয়ন খাত থেকে রাজস্ব খাতে হস্তান্তর না করায় গত ৩ বছর ধরে তাদের বেতন দিতে কমপক্ষে ৪ কোটি টাকার বাজেট ঘাটতির শিকার হয়েছে বিশ্ববিদ্যালয়। বর্তমানে অর্থভাণ্ডার শূন্য থাকায় বাধ্য হয়ে ওই বেতন বন্ধের ঘোষণা দিতে হয়েছে কর্তৃপক্ষকে।

বৃহস্পতিবার বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর এম আলাউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সমাবেশের পর মৌন মিছিল সহকারে রেজিস্ট্রারের সঙ্গে দেখা করে আন্দোলন ও দাবি সম্পর্কে অবহিত করা হয়। তারা আগামীকাল শনিবার পর্যন্ত প্রশাসনকে বেতন প্রদানের আলটিমেটাম দিয়েছেন।

ভিসি প্রফেসর মুস্তাফিজুর রহমান উদ্ভূত সংকট নিরসনের জন্য বর্তমানে ঢাকায় অবস্থান করছেন। তিনি বিষয়টি নিয়ে সরকারের সংশ্লিষ্ট সব বিভাগে সর্বোচ্চ দেনদরবার করবেন, বলে কর্তৃপক্ষ জানিয়েছে।